

Times Today BD

এসকে সোহেল | খুলনা | 11 May, 2025

বাগেরহাটের সংসদ সদস্য শেখ হেলাল উদ্দিন ও শেখ তনুয়ের বিচার এবং নিউ বসুন্ধরা রিয়েল এস্টেট লিঃ-র মালিকের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। রোববার (১১ মে) বিকেলে শহরের ছোটকবর খানা মোড় থেকে মিছিলটি বের হয়ে মিঠাপুকুরপাড় মোড়ে এসে প্রতিবাদ সমাবেশে মিলিত হয়।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য দেন, নিউ বসুন্ধরা রিয়েল এস্টেটের মাঠকর্মী মাও. আব্দুল আজিজ, মাও. আল আমিন, মাও. তাওহীদুল ইসলাম প্রমুখ।

বক্তারা বলেন, নিউ বসুন্ধরা রিয়েল এস্টেট লি. বাগেরহাট, খুলনা ও পিরোজপুর অঞ্চলের শান্তিপূর্ণভাবে ব্যবসা পরিচালনা করছিলেন কিন্তু বাগেরহাট-১ আসনের সাবেক সংসদ সদস্য শেখ হেলাল উদ্দিন ও তার ছেলে বাগেরহাট-২ আসনের সাবেক সংসদ সদস্য শেখ তনুয়ের চাঁহিদা অনুযায়ী চাঁদা দিতে ব্যর্থ হওয়ায় নিউ বসুন্ধরা রিয়েল এস্টেট লিঃ-র ব্যবস্থাপনা পরিচালক আব্দুল মান্নান তালুকদারের বিরুদ্ধে দুদক দিয়ে মিথ্যা মামলা দেয়। সেই মামলায় প্রায় দীর্ঘদিন কারাগারে ছিলেন ব্যবস্থাপনা পরিচালক আব্দুল মান্নান তালুকদার। কোম্পানির কার্যক্রম বন্ধ করে দেয় সরকার। যাতে কোম্পানি ও কোম্পানির ২৫ হাজারের বেশি গ্রাহকের অপূরণীয় ক্ষতি হয়েছে। গ্রাহক ও কর্মকর্তা-কর্মচারীরা খেয়ে না খেয়ে দিনাতিপাত করছেন। এই অবস্থায় অতিরিক্ত মিথ্যা মামলা প্রত্যাহার করতে হবে। সেই সাথে শেখ হেলাল উদ্দিন ও তার ছেলে শেখ তনুয় এবং তাদের দোসরদের বিচারের আওতায় আনার দাবি জানান বক্তারা।

প্রতিবাদ সমাবেশ থেকে আওয়ামী লীগকে স্থায়ীভাবে নিষিদ্ধের দাবিও জানান বক্তারা। মিছিল

ও প্রতিবাদ সমাবেশে নিউ বসুন্ধরা রিয়েল এস্টেট লিঃ-র গ্রাহক ও মাঠকর্মীরা অংশগ্রহন করেন।

এর আগে সোমবার (৫ মে) নিউ বসুন্ধরা রিয়েল এস্টেটের ব্যবস্থাপনা পরিচালক আব্দুল মান্নান তালুকদার বাগেরহাট-১ আসনের সাবেক সংসদ সদস্য শেখ হেলাল উদ্দীন, তাঁর ছেলে বাগেরহাট-২ আসনের সাবেক সংসদ সদস্য শেখ তনুয়সহ পাঁচজনের বিরুদ্ধে ২০০ কোটি টাকার চাঁদাবাজির মামলা করেন। ওই মামলায় শেখ শহীদুল ইসলাম নামের এক আসামীকে গ্রেপ্তার করে কারাগারে পাঠিয়েছে পুলিশ।

শেখ হেলাল শেখ তনুয় বিক্ষোভ মিছিল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 07:44

URL: <https://timestodaybd.com/khulna/497562323>